



নং-এডি-পিএডও-৩৯২

তারিখঃ ০৪ এপ্রিল ২০১৭

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের (শুধুমাত্র পূর্ণাঙ্গ দূতাবাস/হাইকমিশন) “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” (Annual Performance Agreement) স্বাক্ষর প্রসঙ্গে।

ক্যাডেট স্যার/ম্যাদাম,

একটি দক্ষ, কার্যকর ও গতিশীল প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলার জন্য এবং সকল সরকারি প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৪-২০১৫ অর্থবছর হতে “সরকারি কর্মসম্পাদন ব্যবস্থা” চালু করা হয় এবং ঐ বছরেই ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের সাথে মন্ত্রিপরিষদ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করে। ২০১৬-২০১৭ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক একটি নতুন নির্দেশনা জারি করা হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গেও “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” সম্পাদন করবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরে পররাষ্ট্র মন্ত্রণালয় সকল বাংলাদেশ মিশনের সঙ্গে চুক্তি স্বাক্ষরের নিমিত্ত পত্র প্রেরণ করে। বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও শুধুমাত্র কয়েকটি দূতাবাস/হাইকমিশন মন্ত্রণালয়ের সাথে চুক্তি সম্পাদন করে, যা মোটেই কাম্য নয়।

০৩। বিগত বছরের ন্যায় ২০১৭-২০১৮ অর্থবছরেও মন্ত্রণালয়ের সঙ্গে মিশনসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে যা এতদসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১৯ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে প্রত্যেক মিশনকে তার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত খসড়া মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।

০৪। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে, সকল পূর্ণাঙ্গ দূতাবাস/হাইকমিশনকে ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত খসড়া আগামী ১৯ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। খসড়ার সফটকপি apa@mofa.gov.bd তে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি মন্ত্রণালয়ের ওয়েব সাইটের সংশ্লিষ্ট অংশ (Annual Performance Agreement) থেকেও সংগ্রহ করা যাবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়নকালে প্রয়োজনীয় সহযোগিতার জন্য মিশনসমূহকে মন্ত্রণালয়ের নীতি ও সংগঠন শাখার সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি : বর্ণনামতে

মোঃ নাজমুল ইসলাম

মোঃ নাজমুল ইসলাম
মহাপরিচালক (প্রশাসন)

মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার
সকল বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন

অবগতির জন্য অনুলিপিঃ

১। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।